

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৩.০১.০৪৬.২০১৮-

২৫৭

তারিখ

১৪

ফাল্গুন, ১৪২৪।

২৭

ফেব্রুয়ারি, ২০১৮।

বিষয় : রীট পিটিশন নং ১৮৪৬৫/২০১৭ এর দফাওয়ারী ইংরেজী/বাংলা জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব জায়নাল আবেদীন, প্রধান শিক্ষক, ইসলামপুর বে-সরকারী প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত), থানা-ফটিকছড়ি, জেলা-চট্টগ্রাম গং উক্ত বিদ্যালয়ে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক হিসেবে যোগদান করেন। পরবর্তীতে তাঁদের বিদ্যালয় সরকারীকরণ করা হলেও তাঁদের চাকুরী জাতীয়করণ না করায় তাঁরা তাঁদের চাকুরী গেজেটভুক্তকরণ এর দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১৮৪৬৫/২০১৭ দায়ের করেন।

২। উল্লেখ্য যে, উক্ত রীটের বিরুদ্ধে সরকার পক্ষে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত রীট পিটিশন সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি প্রয়োজন, যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইনকোষে সংরক্ষিত নেই।

৩। বর্ষিত অবস্থায় রীট পিটিশন নং ১৮৪৬৫/২০১৭ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আৱশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ১৮৪৬৫/২০১৭ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, দুই প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী/বাংলা জবাব (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- (৩) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৪) প্রেরিত ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।
- (৬) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

৪। এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারনে সরকারের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব আপনার উপর বর্তাবে।

সংযুক্তি, ১। রুলের কপি ০১(এক) খানা।

২। ওকালতনামা ০২(দুই) খানা।

৩। ক্ষমতাপর্শণ ০২ (দুই) খানা।

(মোঃ আব্দুল আলীম)
সহঃ পরিচালক (আইন কোষ)
মহাপরিচালকের পক্ষে

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।
চট্টগ্রাম।

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৩.০১.০৪৬.২০১৮-

২৬৭/১

তারিখ

১৪

ফাল্গুন, ১৪২৪।

২৭

ফেব্রুয়ারি, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ২। অফিস নথি।

(মোঃ আব্দুল আলীম)
সহঃ পরিচালক (আইন কোষ)
মহাপরিচালকের পক্ষে